

# SSC Higher Math




অধ্যয়ভিত্তিক কন্টেন্ট-২০২৩

অধ্যায়-০১

সেট ও ফাংশন

## প্রয়োজনীয় তথ্য:

- **সেট (Set)** : বাস্তব জগত বা চিন্তা জগতের বস্তুর যেকোনো সুনির্ধারিত সংগ্রহকে সেট বলা হয়। সেটকে সাধারণত ইংরেজি বড় অক্ষর A, B, C, D, X, Y ইত্যাদি এবং সেটের সদস্যকে ছোট অক্ষর a, b, c, d, x, y ইত্যাদি দ্বারা প্রকাশ করা হয়।
- **সার্বিক সেট (Universal set)** : নির্দিষ্ট সেটের আলোচনাধীন সকল সেটের সেটকে সার্বিক সেট বলা হয়। সার্বিক সেটকে U বা S দ্বারা প্রকাশ করা হয়।
- **উপসেট (Subset)** : A = {1, 2, 3, 4}, B = {1, 2, 3} এবং C = {1, 2, 3, 4} সেট তিনটি বিবেচনা করলে দেখা যায় B সেটের প্রতিটি উপাদান A সেটে বিদ্যমান সুতরাং B সেটকে A সেটের উপসেট বলা হয় এবং লেখা হয়  $B \subseteq A$ ।
- **প্রকৃত উপসেট (Proper Subset)** : A সেটের প্রত্যেক উপাদান যদি B সেটে বিদ্যমান থাকে এবং B সেটে অন্তত একটি উপাদান থাকে যা A সেটে নেই, তবে A কে B এর প্রকৃত উপসেট বলে।
- **ফাঁকা সেট (Empty set)** : যে সেটের উপাদান সংখ্যা শূন্য বা কোনো উপাদান নেই তাকে ফাঁকা সেট বলে। এই সেটকে { } বা  $\emptyset$  দ্বারা প্রকাশ করা হয়।
- **সেটের সমতা (Equality of sets)** : দুইটি সেটের উপাদান একই হলে সেট দুইটিকে সমান বলা হয় এবং = চিহ্ন দিয়ে সমতা বোঝানো হয়।
- **সেটের অন্তর (Difference of sets)**:  $A \setminus B$  কে A বাদ B সেট বলা হয়। B এর সকল উপাদান বর্জন করে A এর অন্য উপাদান নিয়ে  $A \setminus B$  গঠন করা হয়।
- **পূরক সেট (Complementary set)** : যদি A সেট সার্বিক সেট U এর একটি উপসেট হয় তবে A এর উপাদানগুলো বাদে সার্বিক সেটের অন্য সকল উপাদান নিয়ে গঠিত সেটকে A এর পূরক সেট বলে। A এর পূরক সেটকে  $A'$  বা  $A^c$  দ্বারা সূচিত করা হয়।
- **শক্তি সেট (Power set)** : A সেটের সকল উপসেটের সেটকে A এর শক্তি সেট বলা হয় এবং  $P(A)$  দ্বারা প্রকাশ করা হয়।
- **ভেনচিত্র (Venn Diagram)**: কোনো সেটের একাধিক উপসেটের মধ্যে সম্পর্ক নির্দেশ করতে যে জ্যামিতিক চিত্র ব্যবহার করা হয় তাকে ভেনচিত্র বলে। বিভিন্ন আকারের জ্যামিতিক চিত্র যেমন : আয়তকার ক্ষেত্র, বৃত্তাকার ক্ষেত্র ইত্যাদি ক্ষেত্র ব্যবহার করা হয়।



- **সেটের সংযোগ (Union of sets)** : দুই বা ততোধিক সেটের সকল উপাদান নিয়ে গঠিত সেটকে সংযোগ সেট বলে। A ও B এর সংযোগ সেট  $A \cup B$  দ্বারা প্রকাশ করা হয়।

- **সেটের ছেদ (Intersection of sets)** : দুই বা ততোধিক সেটের সাধারণ উপাদান নিয়ে গঠিত সেটকে ছেদ সেট বলে। A ও B এর ছেদ সেটকে  $A \cap B$  দ্বারা প্রকাশ করা হয় এবং পড়া হয় A ছেদ B বা A intersection B.
- **নিষ্পন্ন সেট (Disjoint set)** : দুইটি সেটের কোনো সাধারণ উপাদান না থাকলে, তাদেরকে নিষ্পন্ন সেট বলে।
- **এক-এক মিল (One-One Correspondence)** : যদি A সেটের প্রতিটি উপাদানের সাথে B সেটের একটি ও কেবল একটি উপাদান এবং B সেটের প্রতিটি উপাদানের সাথে A সেটের একটি ও কেবল একটি উপাদানের মিল স্থাপন করা হয়, তবে তাকে A ও B সেটের মধ্যে একটি এক-এক মিল বলা হয়।
- **সমতুল সেট (Equivalent set)** : যেকোনো সেট A ও B এর মধ্যে যদি একটি এক-এক মিল  $A \leftrightarrow B$  বর্ণনা করা যায়, তবে A ও B-কে সমতুল সেট বলা হয়। A ও B সেট সমতুল বোঝাতে অনেক সময়  $A \sim B$  প্রতীক লেখা হয়।

এ অধ্যায়ে ব্যবহৃত বিভিন্ন প্রতীক চিহ্নসমূহ :

প্রতীক	ইংরেজি	বাংলায় (যা বুঝায়)	উদাহরণ
$\cup$	Union	সংযোগ	$A \cup B$
$\cap$	Intersection	ছেদ	$A \cap B$
$\subset$	Proper subset	প্রকৃত উপসেট	$A \subset B$
$\subseteq$	Subset	উপসেট	$A \subseteq B$
$\not\subseteq$	not subset	উপসেট নয়	$A \not\subseteq B$
$\in$	Belongs to	উপাদান/সদস্য	$x \in A$
$\notin$	not belongs to	ইহাতে অন্তর্ভুক্ত নয়	$x \notin A$
$\emptyset$	null set	ফাঁকা সেট	$\emptyset = \{ \}$
'	Prime	পূরক সেট	$A' = \{ x \in U \text{ এবং } x \notin A \}$
:	such that	যেন	$A = \{ x : x \in R \}$

- **অন্বয় (Relation)** : X ও Y সেট হলে তাদের কার্তেসীয় গুণজ সেট  $X \times Y$  এর কোনো উপসেটকে X হতে Y এর একটি অন্বয় বলা হয়। অর্থাৎ  $R \subseteq X \times Y$  হলে X হতে Y এ বর্ণিত অন্বয়।
- **ফাংশন (Function)** : প্রত্যেকটি ফাংশনই এক একটি অন্বয়। যদি কোনো অন্বয়ে একই প্রথম উপাদানবিশিষ্ট দুইটি ভিন্ন ক্রমজোড় না থাকে, তবে ঐ অন্বয়কে ফাংশন বলা হয়। যেমন :  $S = \{(2, 2) (2, 4) (2, 10) (5, 10) (7, 7)\}$  অন্বয়টি একটি ফাংশন। এর সদস্য ক্রমজোড়গুলোর প্রথম উপাদান ভিন্ন ভিন্ন।
- **ডোমেন ও রেঞ্জ** : ফাংশনের S এর অন্তর্ভুক্ত ক্রমজোড়গুলোর উপাদানসমূহের সেটকে S এর ডোমেন এবং দ্বিতীয় উপাদানসমূহকে S এর রেঞ্জ বলে। S এর ডোমেনকে ডোম S এবং রেঞ্জকে রেঞ্জ S লিখে প্রকাশ করা হয়।
- **এক-এক ফাংশন** : যদি কোনো ফাংশনের অধীনে এর ডোমেনের ভিন্ন ভিন্ন সদস্যের ছবি সর্বদা ভিন্ন হয় তবে ফাংশনটিকে এক-এক ফাংশন বলা হয়।  
ফাংশন বলা হবে যদি  $f(x_1) = f(x_2)$  হয়।  
বা,  $x_1 = x_2$  যেখানে  $x_1, x_2 \in A$  একটি ফাংশন  $f : A \rightarrow B$  কে এক-এক ফাংশন বলা হয়।
- **সার্বিক ফাংশন অথবা অনটু ফাংশন (Onto Function)** : একটি ফাংশন  $f : A \rightarrow B$ -কে সার্বিক ফাংশন অথবা অনটু ফাংশন বলা হবে যদি প্রত্যেক  $b \in B$  এর জন্য একটি  $a \in A$  পাওয়া যায় যেন  $f(a) = b$  হয়।

- বিপরীত ফাংশন (Inverse Function) : যদি  $f : A \rightarrow B$  একটি এক-এক ফাংশন এবং অন্তর্ ফাংশন হয় তাহলে একটি ফাংশন  $f^{-1} : B \rightarrow A$  বিদ্যমান আছে যেখানে প্রত্যেক  $b \in B$  এর একটি অনন্য  $f^{-1}(b) \in A$  বিদ্যমান। তবে  $f^{-1}$  কে  $f$  এর বিপরীত ফাংশন বলা হয়।

## ■ সেটের সূত্র :

(i) A ও B শান্ত সেট হলে  $n(A \cup B) = n(A) + n(B) - n(A \cap B)$

(ii) A, B ও C নিশ্চৈদ সেট হলে

●  $n(A \cup B) = n(A) + n(B) [ \because A \cap B = \emptyset ]$

●  $n(A \cup B \cup C) = n(A) + n(B) + n(C)$

(iii) A, B ও C যেকোনো সেটের জন্য :

(iv)  $n(A \cup B \cup C) = n(A) + n(B) + n(C) - n(A \cap B) - n(B \cap C) - n(C \cap A) + n(A \cap B \cap C)$

(v)  $n(A) = n(U) - n(\bar{A})$

## ■ ফাংশনের সূত্র :

(i) ফাংশন  $f : A \rightarrow B$

(ii) বিপরীত ফাংশন  $f^{-1} : B \rightarrow A$

(iii) সরলরৈখিক ফাংশন  $f(x) = mx + b$

(iv) দ্বিঘাত ফাংশন  $y = ax^2 + bx + c$

(v) বৃত্তের সমীকরণ,  $(x - a)^2 + (y - b)^2 = r^2$

(vi) সরলরৈখিক ফাংশনের লেখচিত্র সর্বদা সরলরেখা

(vii) দ্বিঘাত ফাংশনের লেখচিত্র বক্ররেখা

(viii) বৃত্তের লেখচিত্র বৃত্তাকার পথ

## অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

১. i. কোনো সেটের সদস্য সংখ্যা  $2n$  হলে, এর উপসেটের সংখ্যা হবে  $4^n$

ii. সকল মূলদ সংখ্যার সেট  $Q = \left\{ \frac{p}{q} : p, q \in Z \right\}$

iii.  $a, b \in R ; ] a, b [ = \{ x : x \in R \text{ এবং } a < x < b \}$

উপরের উক্তির আলোকে নিচের কোনটি সঠিক?

ক) i ও ii    খ) ii ও iii    গ) i ও iii    ঘ) i, ii ও iii

[ বি. দ্র.  $p, q \in Z$  এর স্থানে  $p, q \in Z$  হলে উত্তর : i, ii ও iii সঠিক ]

নিচের তথ্যের আলোকে (২ – ৪) নং প্রশ্নের উত্তর দাও :

প্রত্যেক  $n \in \mathbb{N}$  এর জন্য  $A_n = \{n, 2n, 3n, \dots\}$

২.  $A_1 \cap A_2$  এর মান নিচের কোনটি?

- ক  $A_1$      খ  $A_2$      গ  $A_3$      ঘ  $A_4$

ব্যাখ্যা :  $n \in \mathbb{N}$  দ্বারা বুঝায়  $n$  যেকোনো স্বাভাবিক সংখ্যার উপাদান

$n \in \mathbb{N}$  এর জন্য  $A_n = \{n, 2n, 3n, \dots\}$

$A_1 = \{1, 2, 3, 4, \dots\}$

$A_2 = \{2, 4, 6, \dots\}$

$\therefore A_1 \cap A_2 = \{2, 4, 6, \dots\} = A_2$

৩. নিচের কোনটি  $A_3 \cap A_6$  এর মান নির্দেশ করে?

- ক  $A_2$      খ  $A_3$      গ  $A_4$      ঘ  $A_6$

৪.  $A_2 \cap A_3$  এর পরিবর্তে নিচের কোনটি লেখা যায়?

- ক  $A_3$      খ  $A_4$      গ  $A_5$      ঘ  $A_6$

প্রশ্ন ৫ দেওয়া আছে  $U = \{x : 3 \leq x \leq 20, n \in \mathbb{Z}\}$ ,  $A = \{x : x \text{ বিজোড় সংখ্যা}\}$  এবং  $B = \{x : x \text{ মৌলিক সংখ্যা}\}$

নিম্নের সেটগুলো তালিকা পদ্ধতিতে লিপিবদ্ধ কর :

(i)  $A$

(ii)  $B$

(iii)  $C = \{x : x \in A \text{ এবং } x \in B\}$  এবং

(iv)  $D = \{x : x \in A \text{ অথবা } x \in B\}$

সমাধান :

দেওয়া আছে,  $U = \{x : 3 \leq x \leq 20, x \in \mathbb{Z}\}$

$\therefore U = \{3, 4, 5, 6, 7, 8, 9, 10, 11, 12, 13, 14, 15, 16, 17, 18, 19, 20\}$

$A = \{x : x \text{ বিজোড় সংখ্যা}\}$

$B = \{x : x \text{ মৌলিক সংখ্যা}\}$

(i)  $A = \{x : x \text{ বিজোড় সংখ্যা}\}$

$\therefore A = \{3, 5, 7, 9, 11, 13, 15, 17, 19\}$

(ii)  $B = \{x : x \text{ মৌলিক সংখ্যা}\}$

$\therefore B = \{3, 5, 7, 11, 13, 17, 19\}$

(iii) দেওয়া আছে,  $C = \{x : x \in A \text{ এবং } x \in B\}$

$A \cap B = \{3, 5, 7, 9, 11, 13, 15, 17, 19\} \cap \{3, 5,$

$7, 11, 13, 17, 19\}$

$= \{3, 5, 7, 11, 13, 17, 19\}$

[নোট :  $C$  হলো 3 থেকে 20 পর্যন্ত সকল মৌলিক বিজোড় সংখ্যার সেট এবং  $C = B$ ।]


(iv)  $D = \{x : x \in A \text{ অথবা } x \in B\}$

$A \cup B = \{3, 5, 7, 9, 11, 13, 15, 17, 19\} \cup \{3, 5, 7, 11, 13, 17, 19\}$

$$= \{3, 5, 7, 9, 11, 13, 15, 17, 19\}$$

প্রশ্ন ১৬ ১ ভেনচিত্রে A এবং B সেটের উপাদানগুলোর সংখ্যা দেখানো হয়েছে। যদি  $n(A) = n(B)$  হয়, তবে নির্ণয় কর

(a) x এর মান (b)  $n(A \cup B)$  এবং  $n(A \cap B')$ .



সমাধান :

প্রদত্ত ভেনচিত্রে  $n(A) = 3x + x$

$$n(B) = x + 2x + 8$$

$$n(A \cup B) = 3x + x + 2x + 8$$

$$n(A \cap B') = 3x$$

(a) দেওয়া আছে,  $n(A) = n(B)$

$$\text{বা, } 3x + x = x + 2x + 8$$

$$\text{বা, } 4x = 3x + 8$$

$$\therefore x = 8 \text{ (Ans.)}$$

(b) আমরা জানি,  $n(A \cup B) = n(A) + n(B) - n(A \cap B)$

$$= 3x + x + x + 2x + 8 - x$$

$$= 6x + 8 = 6 \times 8 + 8 \text{ [ } \because x = 8 \text{]}$$

$$= 56 \text{ (Ans.)}$$

$$\text{এবং } n(A \cap B') = n(A) - n(A \cap B) \text{ [ভেনচিত্র থেকে]}$$

$$= 3x + x - x = 3x = 3 \times 8 \text{ [ } \because x = 8 \text{]}$$

$$= 24 \text{ (Ans.)}$$

[নোট : ভেনচিত্রে 3x, x, 2x + 8 দ্বারা A ও B সেটের উপাদান নয় বরং উপাদান সংখ্যা বুঝানো হয়েছে।]

প্রশ্ন ১৭ ১ যদি  $U = \{x : x \text{ জোড় পূর্ণ সংখ্যা}\}$ ,  $A = \{x : x \geq 5\} \subset U$  এবং  $B = \{x : x < 12\} \subset U$  তবে  $n(A \cap B)$  এবং  $n(A')$  এর মান নির্ণয় কর।

সমাধান : দেওয়া আছে,  $U = \{x : x \text{ ধনাত্মক পূর্ণ সংখ্যা}\}$

$$\therefore U = \{1, 2, 3, 4, 5, 6, 7, \dots\}$$

$$A = \{x : x \geq 5\}$$

$$\therefore A = \{5, 6, 7, 8, 9, 10, 11, \dots\}$$

$$\text{এবং } B = \{x : x < 12\}$$

$$\therefore B = \{1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, 10, 11\}$$

$$\text{এখন, } A \cap B = \{5, 6, 7, 8, 9, 10, \dots\} \cap \{1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, 10, 11\}$$

$$= \{5, 6, 7, 8, 9, 10, 11\}$$

$$\therefore n(A \cap B) = 7 \text{ (Ans.)}$$

$$\text{এবং } A' = U - A$$

$$= \{ 1, 2, 3, 4, 5, 6, 7, \dots \} - \{ 5, 6, 7, 8, 9, 10, 11, \dots \}$$

$$= \{ 1, 2, 3, 4 \}$$

$$\therefore n(A') = 4 \text{ (Ans.)}$$

প্রশ্ন ১৮ ৥ যদি  $U = \{ x : x \text{ জোড় পূর্ণসংখ্যা} \}$ ,  $A = \{ x : 3x \geq 25 \} \subset U$  এবং  $B = \{ x : 5x < 12 \} \subset U$  হয়, তাহলে  $n(A \cap B)$  এবং  $n(A' \cap B')$  এর মান নির্ণয় কর।

সমাধান : দেওয়া আছে,  $U = \{ x : x \text{ জোড় পূর্ণ সংখ্যা} \}$

$$\therefore U = \{ \dots, -8, -6, -4, -2, 0, 2, 4, 6, 8, \dots \}$$

$$A = \{ x : 3x \geq 25 \}$$

$$\therefore A = \{ 10, 12, 14, 16, 18, \dots \}$$

$$\text{এবং } B = \{ x : 5x < 12 \}$$

$$\therefore B = \{ \dots, -8, -6, -4, -2, 0, 2 \}$$

$$\therefore A \cap B = \{ 10, 12, 14, 16, 18, \dots \} \cap \{ \dots, -8, -6, -4, -2, 0, 2 \}$$

$$= \{ \}$$

$$\therefore n(A \cap B) = 0 \text{ (Ans.)}$$

আবার,  $A' = U - A$

$$= \{ \dots, -8, -6, -4, -2, 0, 2, 4, 6, \dots \}$$

$$- \{ 10, 12, 14, 16, 18, \dots \}$$

$$= \{ \dots, -8, -6, -4, -2, 0, 2, 4, 6, 8 \}$$

এবং  $B' = U - B$

$$= \{ \dots, -8, -6, -4, -2, 0, 2, 4, 6, \dots \}$$

$$- \{ \dots, -8, -6, -4, -2, 0, 2 \}$$

$$= \{ 4, 6, 8, \dots \}$$

$$\therefore A' \cap B' = \{ \dots, -8, -6, -4, \dots \}$$

$$- \{ \dots, -8, -6, -4, -2, 0, 2 \} \cap \{ 4, 6, 8, \dots \}$$

$$= \{ 4, 6, 8 \}$$

$$\therefore n(A' \cap B') = 3 \text{ (Ans.)}$$

প্রশ্ন ১৯ ৥ দেখাও যে, (ক)  $A \setminus A = \phi$  (খ)  $A \setminus (A \setminus A) = A$

সমাধান :

(ক) মনে করি,  $x \in A \setminus A$

তাহলে,  $x \in A$  এবং  $x \notin A$

$$\text{বা, } x \in \phi$$

$$\therefore A \setminus A \subset \phi$$

আবার, মনে করি,  $x \in \phi$

তাহলে,  $x \in A$  এবং  $x \notin A$

$$\text{বা, } x \in A \setminus A$$

$$\therefore \phi \subset A \setminus A$$

সুতরাং  $A \setminus A = \phi$  (দেখানো হলো)

(খ) মনে করি,  $x \in A \setminus (A \setminus A)$

তাহলে,  $x \in A$  এবং  $x \notin (A \setminus A)$

বা,  $x \in A$  এবং  $x \notin \phi$  [  $\because A \setminus A = \phi$  ]

বা,  $x \in A$

$\therefore A \setminus (A \setminus A) \subset A$

আবার, মনে করি,  $x \in A$

তাহলে,  $x \in A$  এবং  $x \notin \phi$

বা,  $x \in A$  এবং  $x \notin (A \setminus A)$

বা,  $x \in A \setminus (A \setminus A)$

$\therefore A \subset A \setminus (A \setminus A)$

সুতরাং  $A \setminus (A \setminus A) = A$  (দেখানো হলো)

**প্রশ্ন ১০ ৥ দেখাও যে,  $A \times (B \cup C) = (A \times B) \cup (A \times C)$**

সমাধান : কার্তেসীয় গুণজ সেটের সংজ্ঞানুসারে,

$$\begin{aligned} A \times (B \cup C) &= \{ (x, y) : x \in A, y \in (B \cup C) \} \\ &= \{ (x, y) : x \in A, y \in B \text{ অথবা } y \in C \} \\ &= \{ (x, y) : (x \in A, y \in B) \text{ অথবা } (x \in A, y \in C) \} \\ &= \{ (x, y) : (x, y) \in (A \times B) \text{ অথবা } (x, y) \in (A \times C) \} \\ &= \{ (x, y) : (x, y) \in (A \times B) \cup (A \times C) \} \\ &= (A \times B) \cup (A \times C) \end{aligned}$$

$\therefore A \times (B \cup C) \subset (A \times B) \cup (A \times C)$

আবার,  $(A \times B) \cup (A \times C) = \{ (x, y) : (x, y) \in (A \times B) \text{ অথবা } (x, y) \in (A \times C) \}$

$= \{ (x, y) : (x \in A, y \in B) \text{ অথবা } (x \in A, y \in C) \}$

$= \{ (x, y) : x \in A, y \in (B \cup C) \}$

$= \{ (x, y) : (x, y) \in A \times (B \cup C) \}$

$\therefore (A \times B) \cup (A \times C) \subset A \times (B \cup C)$

$\therefore A \times (B \cup C) = (A \times B) \cup (A \times C)$  (দেখানো হলো)

**প্রশ্ন ১১ ৥ যদি  $A \subset B$  এবং  $C \subset D$  হয়, তবে দেখাও যে,  $(A \times C) \subset (B \times D)$**

সমাধান : মনে করি,  $(x, y) \in A \times C$

তাহলে  $x \in A$  এবং  $y \in C$

বা,  $x \in B$  এবং  $y \in D$  [  $\because A \subset B$  এবং  $C \subset D$  ]

বা,  $(x, y) \in B \times D$

$\therefore (A \times C) \subset (B \times D)$  (দেখানো হলো)


**প্রশ্ন ১২ ৥ দেখাও যে,  $A = \{ 1, 2, 3, \dots, n \}$  এবং**

$B = \{ 1, 2, 2^2, \dots, 2^{n-1} \}$  সেট দুইটি সমতুল।

সমাধান : দেওয়া আছে,  $A = \{ 1, 2, 3, \dots, n \}$

এবং  $B = \{ 1, 2, 2^2, \dots, 2^{n-1} \}$

A ও B এর মধ্যে একটি এক-এক মিল নিচের চিত্রে দেখানো হলো :



আমরা জানি, যেকোনো দুইটি সেটের মধ্যে যদি একটি এক-এক মিল বর্ণনা করা যায়, তবে ঐ সেট দুটি সমতুল।

সুতরাং A ও B সেট দুইটি সমতুল। (দেখানো হলো)


প্রশ্ন ১৩ ৥ দেখাও যে, স্বাভাবিক সংখ্যার বর্গের সেট  $S = \{ 1, 4, 9, 16, 25, 36, \dots \}$  একটি অনন্ত সেট।

সমাধান : দেওয়া আছে, স্বাভাবিক সংখ্যার বর্গের সেট,  $S = \{ 1, 4, 9, 16, 25, 36, \dots \}$

$= \{ 1^2, 2^2, 3^2, 4^2, 5^2, 6^2, \dots, n^2, \dots \}$

এখন স্বাভাবিক সংখ্যার সেট  $N = \{ 1, 2, 3, \dots, n, \dots \}$

N ও S এর মধ্যে একটি এক-এক মিল নিচে দেখানো হলো :



সুতরাং N ও S সমতুল। যেহেতু স্বাভাবিক সংখ্যার সেট, N একটি অনন্ত সেট।

সুতরাং আমরা বলতে পারি, S একটি অনন্ত সেট। (দেখানো হলো)

প্রশ্ন ১৪ ৥ প্রমাণ কর যে,  $n(A) = p$ ,  $n(B) = q$  এবং  $(A \cap B) = \phi$  হলে,  $n(A \cup B) = p + q$ ।

সমাধান : আমরা জানি,  $n(A \cup B) = n(A) + n(B) - n(A \cap B)$

$$= p + q - n(\phi) \text{ [মান বসিয়ে]}$$

$$= p + q - 0$$

$$= p + q \text{ (প্রমাণিত)}$$

প্রশ্ন ১৫ ৥ প্রমাণ কর যে, A, B, C সাত সেট হলে,

$$n(A \cup B \cup C) = n(A) + n(B) + n(C) - n(A \cap B) - n(B \cap C) - n(C \cap A) + n(A \cap B \cap C)$$

সমাধান : বামপাশ =  $n(A \cup B \cup C)$

$$= n\{ (A \cup B) \cup C \}$$

$$= \{ n(A \cup B) + n(C) - n\{ (A \cup B) \cap C \}$$

$$[ \because n(A \cup B) = n(A) + n(B) - n(A \cap B) ]$$

$$= n(A) + n(B) - n(A \cap B) + n(C)$$

$$- n\{ (A \cap C) \cup (B \cap C) \}$$

$$\begin{aligned}
&= n(A) + n(B) + n(C) - n(A \cap B) - \{ n(A \cap C) \\
&\hspace{20em} + n(B \cap C) - n(A \cap B \cap C) \} \\
&= n(A) + n(B) + n(C) - n(A \cap B) - n(A \cap C) \\
&\hspace{20em} - n(B \cap C) + n(A \cap B \cap C) \\
&= n(A) + n(B) + n(C) - n(A \cap B) - n(B \cap C) \\
&\hspace{20em} - n(C \cap A) + n(A \cap B \cap C) \\
&= \text{ডানপক্ষ (প্রমাণিত)}
\end{aligned}$$

প্রশ্ন ১৬ ৥ যদি  $A = \{a, b, x\}$  এবং  $B = \{c, y\}$ , সার্বিক সেট  $U = \{a, b, c, x, y, z\}$  এর উপসেট হলে, যাচাই কর যে,

(a) (i)  $A \subset B'$ , (ii)  $A \cup B' = B'$ , (iii)  $A' \cap B = B$

(b) নির্ণয় কর :  $(A \cap B) \cup (A \cap B')$

সমাধান : (a) (i) দেওয়া আছে,  $A = \{a, b, x\}$ ,  $B = \{c, y\}$

$$\text{এবং } U = \{a, b, c, x, y, z\}$$

$$\therefore B' = U - B$$

$$= \{a, b, c, x, y, z\} - \{c, y\}$$

$$= \{a, b, x, z\}$$

$$\therefore A \subset B' \text{ (যাচাই করা হলো)}$$

(ii) এখানে  $A \cup B' = \{a, b, x\} \cup \{a, b, x, z\}$  [(i) হতে]

$$= \{a, b, x, z\}$$

$$\therefore A \cup B' = B' \text{ (যাচাই করা হলো)}$$

(iii)  $A' = U - A$

$$= \{a, b, c, x, y, z\} - \{a, b, x\} = \{c, y, z\}$$

$$\text{এখন, } A' \cap B = \{c, y, z\} \cap \{c, y\} = \{c, y\} = B$$

$$\therefore A' \cap B = B \text{ (যাচাই করা হলো)}$$

(b) দেওয়া আছে,  $A = \{a, b, x\}$ ;  $B = \{c, y\}$

$$\text{এবং } U = \{a, b, c, x, y, z\}$$

$$(a) \text{ i হইতে } B' = \{a, b, x, z\}$$

$$(A \cap B) = \{a, b, x\} \cap \{c, y\} = \emptyset$$

$$\text{এবং } A \cap B' = \{a, b, x\} \cap \{a, b, x, z\} = \{a, b, x\}$$


$$\therefore (A \cap B) \cup (A \cap B') = \emptyset \cup \{a, b, x\} = \{a, b, x\} \text{ (Ans.)}$$

প্রশ্ন ১৭ ৥ কোনো শ্রেণির 30 জন শিবার্থীর মধ্যে 19 জন অর্থনীতি, 17 জন ভূগোল, 11 জন পৌরনীতি, 12 জন অর্থনীতি ও ভূগোল, 4 জন পৌরনীতি ও ভূগোল, 7 জন অর্থনীতি ও পৌরনীতি এবং 5 জন তিনটি বিষয়ই নিয়েছে। কতজন শিবার্থী তিনটি বিষয়ের কোনোটিই নেয়নি?

[ 5 জন তিনটি বিষয়ই নিয়েছে এর স্থলে 4 জন তিনটি বিষয় নিয়েছে হবে ]

সমাধান : মনে করি, ঐ শ্রেণির সকল শিক্ষার্থীর সেট U, যেসব ছাত্র অর্থনীতি নিয়েছে তাদের সেট E, যারা ভূগোল নিয়েছে তাদের সেট G এবং যারা পৌরনীতি নিয়েছে তাদের সেট C।

তাহলে, প্রশ্নানুসারে,



$$n(U) = 30, \quad n(E) = 19, \quad n(G) = 17, \quad n(C) = 11, \quad n(E \cap G) = 12, \\ n(C \cap G) = 4, \quad n(E \cap C) = 7 \text{ এবং } n(E \cap G \cap C) = 4$$

তিনটি বিষয়ের কোনোটিই নেয়নি এমন শিক্ষার্থীর সংখ্যা

$$= n(U) - n(E \cup G \cup C)$$

$$\text{এখন, } n(E \cup G \cup C) = n(E) + n(G) + n(C) - n(E \cap G)$$

$$- n(E \cap C) - n(C \cap G) + n(E \cap G \cap C)$$

$$= 19 + 17 + 11 - 12 - 7 - 4 + 4$$

$$= 47 - 19 = 28$$


∴ তিনটি বিষয়ের কোনোটিই নেয়নি এমন শিক্ষার্থীর সংখ্যা

$$= n(U) - n(E \cup G \cup C) = 30 - 28 = 2$$

সুতরাং 2 জন শিক্ষার্থী তিনটি বিষয়ের কোনোটিই নেয়নি। (Ans.)

প্রশ্ন ১৮ ৥ ভেনচিত্রে সার্বিক সেট U এবং উপসেট A, B, C এর সদস্য সংখ্যা উপস্থাপন করা হয়েছে।

- (a) যদি  $n(A \cap B) = n(B \cap C)$  হয়, তবে x এর মান নির্ণয় কর।  
 (b) যদি  $n(B \cap C') = n(A' \cap C)$  হয়, তবে y এর মান নির্ণয় কর।  
 (c)  $n(U)$  এর মান নির্ণয় কর।



সমাধান : প্রদত্ত ভেনচিত্র :

(a) দেওয়া আছে,  $n(A \cap B) = n(B \cap C)$

প্রদত্ত ভেনচিত্র অনুসারে  $n(A \cap B) = x$  এবং  $n(B \cap C) = 4$

$$\therefore x = 4 \text{ (Ans.)}$$

(b) দেওয়া আছে,  $n(B \cap C') = n(A' \cap C)$

প্রদত্ত ভেনচিত্র অনুসারে,  $n(B \cap C') = x + 6$

$$n(A' \cap C) = 4 + y$$

এখন  $x + 6 = 4 + y$

বা,  $4 + 6 - 4 = y$  [(a) হতে  $x = 4$  বসিয়ে]

$$\therefore y = 6 \text{ (Ans.)}$$


(c) ভেনচিত্র অনুসারে,  $n(U) = 8 + x + 6 + 4 + y$

$$= 8 + 4 + 6 + 4 + 6 = 28 \text{ (Ans.)}$$

প্রশ্ন ১৯ ৷ যদি  $n(U) = 50$  হয়, তবে ভেনচিত্রে A, B, C সেটের উপাদানগুলো এমনভাবে দেওয়া আছে যেন,  $U = A \cup B \cup C$

যদি  $n(U) = 50$  হয়,

তবে-



(a) x এর মান নির্ণয় কর।

(b)  $n(B \cap C')$  এবং  $n(A' \cap B)$  এর মান নির্ণয় কর।

(c)  $n(A \cap B \cap C')$  এর মান নির্ণয় কর।

সমাধান :

(a) দেওয়া আছে,  $n(U) = 50$


ভেনচিত্র থেকে পাই,  $2x + x + 1 + x - 1 + 2 + 3 + 0 + x + 5 = 50$

$$\text{বা, } 5x + 10 = 50$$

$$\text{বা, } 5x = 50 - 10$$

$$\text{বা, } x = \frac{40}{5} = 8 \text{ (Ans.)}$$

(b)




ভেনচিত্র থেকে পাই,  $n(B \cap C') = x + 1 + x - 1$

$$= 2x = 2 \times 8 \text{ [ } \because x = 8 \text{ ]}$$

$$= 16 \text{ (Ans.)}$$

এবং  $n(A' \cap B) = x - 1 + 0 = x - 1 = 8 - 1 = 7 \text{ (Ans.)}$

(c)




এখানে,  $n(A \cap B \cap C') = x + 1$  [ ভেনচিত্র থেকে ]

$$= 8 + 1 = 9 \text{ (Ans.)}$$

প্রশ্ন ২০ ৷ তিনটি সেট A, B এবং C এমনভাবে দেওয়া আছে যেন,  $A \cap B = \phi$ ,  $A \cap C = \phi$  এবং  $C \subseteq B$  ভেনচিত্র অঙ্কন করে সেটগুলোর ব্যাখ্যা দাও :

সমাধান :



$A \cap B = \phi$ , ব্যাখ্যা : সেট A এবং সেট B এর মধ্যে কোনো সাধারণ উপাদান নাই। সুতরাং A ও B নিশ্চৈদ সেট।

$A \cap C = \phi$ , ব্যাখ্যা : সেট A এবং সেট C এর মধ্যে কোনো সাধারণ উপাদান নাই। সুতরাং A ও C নিশ্চৈদ সেট

$C \subseteq B$ , ব্যাখ্যা : সেট C এবং সেট B এর মধ্যে সাধারণ উপাদান আছে। C সেটের প্রত্যেকটি উপাদান B সেটের অন্তর্ভুক্ত।

প্রশ্ন ১১ ২১ ১ দেওয়া আছে  $A = \{ x : 2 < x \leq 5, x \in \mathbf{R} \}$  এবং  $B = \{ x : 1 \leq x < 3, x \in \mathbf{R} \}$  এবং  $C = \{ 2, 4, 5 \}$  নিম্নের সেটগুলো সেট গঠন পদ্ধতিতে প্রকাশ কর :

(a)  $A \cap B$  (b)  $A' \cap B'$  এবং (c)  $A' \cup B$

সমাধান : দেওয়া আছে,  $A = \{ x : 2 < x \leq 5, x \in \mathbf{R} \}$

$$B = \{ x : 1 \leq x < 3, x \in \mathbf{R} \}$$

$$\text{এবং } C = \{ 2, 4, 5 \}$$

$$(a) A \cap B = \{ x : 2 < x \leq 5, x \in \mathbf{R} \} \cap \{ x : 1 \leq x < 3, x \in \mathbf{R} \} \\ = \{ x : 2 < x < 3, x \in \mathbf{R} \}$$

(b) এখানে,  $U = \mathbf{R}$

$$\therefore A \cup B = \{ x : 2 < x \leq 5, x \in \mathbf{R} \} \cup \{ x : 1 \leq x < 3, x \in \mathbf{R} \} \\ = \{ x : 1 \leq x \leq 5, x \in \mathbf{R} \}$$

দ্য মরগ্যানের সূত্রানুসারে,

$$A' \cap B' = (A \cup B)' = U - (A \cup B) \\ = \mathbf{R} - \{ x : 1 \leq x \leq 5; x \in \mathbf{R} \} \\ = \{ x : x < 1 \text{ অথবা } x > 5, x \in \mathbf{R} \}$$

(c) এখানে,  $U = \mathbf{R}$

$$A' = U - A = \mathbf{R} - \{ x : 2 < x \leq 5, x \in \mathbf{R} \} \\ = \{ x : x \leq 2 \text{ অথবা } x > 5, x \in \mathbf{R} \}$$

$$B = \{ x : 1 \leq x < 3, x \in \mathbf{R} \}$$

$$\therefore A' \cup B = \{ x : x \leq 2 \text{ অথবা } x > 5, x \in \mathbf{R} \} \cup \{ x : 1 \leq x < 3, x \in \mathbf{R} \} \\ = \{ x : x < 3 \text{ অথবা } x > 5, x \in \mathbf{R} \}$$

প্রশ্ন ১১ ২২ ১ দেওয়া আছে  $U = \{ x : x < 10, x \in \mathbf{R} \}$ ,  $A = \{ x : 1 < x \leq 4 \}$  এবং  $B = \{ x : 3 \leq x < 6 \}$ . নিচের সেটগুলো সেট গঠন পদ্ধতিতে প্রকাশ কর :

(a)  $A \cap B$  (b)  $A' \cap B$  (c)  $A \cap B'$  এবং (d)  $A' \cap B'$

সমাধান :

দেওয়া আছে,  $U = \{ x : x < 10, x \in \mathbf{R} \}$

$$A = \{ x : 1 < x \leq 4 \}$$

$$B = \{ x : 3 \leq x < 6 \}$$

$$(a) A \cap B = \{ x : 1 < x \leq 4 \} \cap \{ x : 3 \leq x < 6 \} = \{ x : 3 \leq x \leq 4 \}$$

$$(b) A' = U - A = \{ x : x < 10, x \in \mathbf{R} \} - \{ x : 1 < x \leq 4 \} \\ = \{ x : x \leq 1 \text{ অথবা } 4 < x < 10 \}$$

$$\therefore A' \cap B = \{ x : x \leq 1 \text{ অথবা } 4 < x < 10 \} \cap \{ x : 3 \leq x < 6 \} \\ = \{ x : 4 < x < 6, x \in \mathbf{R} \}$$

(c)  $A \cap B'$

$$\begin{aligned} \therefore B' &= U - B = \{x : x < 10, x \in \mathbb{R}\} - \{x : 3 \leq x < 6\} \\ &= \{x : x < 3 \text{ অথবা } 6 \leq x < 10\} \end{aligned}$$

$$\begin{aligned} A \cap B' &= \{x : 1 < x \leq 4\} \cap \{x : x < 3 \text{ অথবা } 6 \leq x < 10\} \\ &= \{x : 1 < x < 3, x \in \mathbb{R}\} \end{aligned}$$

(d)  $A' \cap B'$

(b) থেকে পাই,  $A' = \{x : x \leq 1 \text{ অথবা } 4 < x < 10\}$

(c) থেকে পাই,  $B' = \{x : x < 3 \text{ অথবা } 6 \leq x < 10\}$

$$\begin{aligned} \therefore A' \cap B' &= \{x : x \leq 1 \text{ অথবা } 4 < x < 10\} \cap \{x : x < 3 \\ &\text{ অথবা } 6 \leq x < 10\} \\ &= \{x : x \leq 1 \text{ অথবা } 6 \leq x < 10, x \in \mathbb{R}\} \end{aligned}$$

প্রশ্ন ১২৩ ১ নিম্নে  $A$  ও  $B$  সেট দেওয়া আছে। প্রতিবেদ্রে  $A \cup B$  নির্ণয় কর এবং যাচাই কর যে  $A \subset (A \cup B)$  এবং  $B \subset (A \cup B)$

(i)  $A = \{-2, -1, 0, 1, 2\}$  এবং  $B = \{-3, 0, 3\}$

(ii)  $A = \{x : x \in \mathbb{N}, x < 10 \text{ এবং } x, 2 \text{ এর গুণিতক}\}$

এবং  $B = \{x : x \in \mathbb{N}, x < 10 \text{ এবং } x, 3 \text{ এর গুণিতক}\}$

সমাধান :

(i) দেওয়া আছে,  $A = \{-2, -1, 0, 1, 2\}$  এবং  $B = \{-3, 0, 3\}$

$$\begin{aligned} \therefore A \cup B &= \{-2, -1, 0, 1, 2\} \cup \{-3, 0, 3\} \\ &= \{-3, -2, -1, 0, 1, 2, 3\} \end{aligned}$$

$A$  এবং  $B$  এর সকল উপাদান  $(A \cup B)$  এর মধ্যে অন্তর্ভুক্ত আছে।

অতএব,  $A \subset (A \cup B)$  এবং  $B \subset (A \cup B)$  (যাচাই করা হলো)

(ii) দেওয়া আছে,  $A = \{x : x \in \mathbb{N}, x < 10 \text{ এবং } x, 2 \text{ এর গুণিতক}\}$

$$\therefore A = \{2, 4, 6, 8\}$$

এবং  $B = \{x : x \in \mathbb{N}, x < 10 \text{ এবং } x, 3 \text{ এর গুণিতক}\}$

$$\therefore B = \{3, 6, 9\}$$

$$\therefore A \cup B = \{2, 3, 4, 6, 8, 9\}$$

$A$  এবং  $B$  এর সকল উপাদান  $(A \cup B)$  এর মধ্যে অন্তর্ভুক্ত আছে।

সুতরাং  $A \subset (A \cup B)$  এবং  $B \subset (A \cup B)$ . (যাচাই করা হলো)

প্রশ্ন ১২৪ ১ নিম্নের সেটগুলো ব্যবহার করে  $A \cap B$  নির্ণয় কর এবং যাচাই কর যে,  $(A \cap B) \subset A$  এবং  $(A \cap B) \subset B$

(i)  $A = \{0, 1, 2, 3, 5\}$ ,  $B = \{-1, 0, 2\}$

(ii)  $A = \{a, b, c, d\}$ ,  $B = \{b, x, c, y\}$

সমাধান :

(i) দেওয়া আছে,  $A = \{0, 1, 2, 3, 5\}$ ,  $B = \{-1, 0, 2\}$

$$\therefore A \cap B = \{0, 1, 2, 3, 5\} \cap \{-1, 0, 2\} = \{0, 2\}$$

$A \cap B$  সেটের সকল উপাদান  $A$  এবং  $B$  সেটে অন্তর্ভুক্ত আছে।

সুতরাং  $(A \cap B) \subset A$  এবং  $(A \cap B) \subset B$  (যাচাই করা হলো)

(ii) দেওয়া আছে,  $A = \{a, b, c, d\}$ ,  $B = \{b, x, c, y\}$

$$\therefore A \cap B = \{ a, b, c, d \} \cap \{ b, x, c, y \} = \{ b, c \}$$

$A \cap B$  সেটের সকল উপাদান A এবং B সেটের অন্তর্ভুক্ত আছে।

অতএব,  $(A \cap B) \subset A$  এবং  $(A \cap B) \subset B$ . (যাচাই করা হলো)

প্রশ্ন ২৫ ৥ আনোয়ারা মহাবিদ্যালয়ের ছাত্রীদের মধ্যে বিচিত্রা, সন্ধানী ও পূর্বাণী পত্রিকার পাঠ্যভ্যাস সম্পর্কে পরিচালিত এক সমীচায় দেখা গেল 60% ছাত্রী বিচিত্রা, 50% ছাত্রী সন্ধানী, 50% ছাত্রী পূর্বাণী, 30% ছাত্রী বিচিত্রা ও সন্ধানী, 30% ছাত্রী বিচিত্রা ও পূর্বাণী, 20% ছাত্রী সন্ধানী ও পূর্বাণী এবং 10% ছাত্রী তিনটি পত্রিকাই পড়ে।

(i) শতকরা কতজন ছাত্রী উক্ত পত্রিকা তিনটির কোনোটিই পড়ে না?

(ii) শতকরা কতজন ছাত্রী উক্ত পত্রিকাগুলোর মধ্যে কেবল দুইটি পড়ে?


সমাধান : মনে করি, সকল ছাত্রীর সেট U; বিচিত্রা পড়া ছাত্রীদের সেট B; সন্ধানী পড়া ছাত্রীদের সেট S এবং পূর্বাণী পড়া ছাত্রীদের সেট P

$$\therefore \text{শতকরা } n(U) = 100, n(B) = 60$$

$$n(S) = 50, n(P) = 50, n(B \cap S) = 30$$

$$n(B \cap P) = 30, n(P \cap S) = 20$$

$$n(B \cap P \cap S) = 10$$



(i) তিনটি পত্রিকার অন্তত একটি পড়ে এমন শিক্ষার্থীর সংখ্যা

$$= n(B \cup P \cup S)$$

$$\therefore n(B \cup P \cup S) = n(B) + n(P) + n(S) - n(B \cap P)$$

$$- n(P \cap S) - n(S \cap B) + n(B \cap P \cap S)$$

$$= 60 + 50 + 50 - 30 - 30 - 20 + 10$$

$$= 170 - 80 = 90$$

$\therefore$  কোনো পত্রিকাই পড়ে না এমন ছাত্রী সংখ্যা,

$$= n(U) - n(B \cup P \cup S)$$

$$= (100 - 90) = 10$$

$\therefore$  শতকরা 10 জন ছাত্রী কোনো পত্রিকাই পড়ে না। (Ans.)

(ii) শুধু বিচিত্রা ও পূর্বাণী পড়ে এমন ছাত্রীর সংখ্যা

$$= n(B \cap P) - n(B \cap P \cap S) = 30 - 10 = 20$$

শুধু বিচিত্রা ও সন্ধানী পড়ে এমন ছাত্রীর সংখ্যা

$$= n(B \cap S) - n(B \cap P \cap S) = 30 - 10 = 20$$

শুধু পূর্বাণী ও সন্ধানী পত্রিকা পড়ে এমন ছাত্রীসংখ্যা

$$= n(P \cap S) - n(B \cap P \cap S) = 20 - 10 = 10$$

$\therefore$  কেবল দুটি পত্রিকা পড়ে এমন ছাত্রীসংখ্যা

$$= 20 + 20 + 10 = 50$$

∴ শতকরা 50 জন ছাত্রী দুটি পত্রিকা পড়ে। (Ans.)

প্রশ্ন ১২৬ ৷  $A = \{ x : x \in \mathbf{R} \text{ এবং } x^2 - (a + b)x + ab = 0 \}$

$B = \{ 1, 2 \}$  এবং  $C = \{ 2, 4, 5 \}$

ক. A সেটের উপাদানসমূহ নির্ণয় কর।

খ. দেখাও যে,  $P(B \cap C) = P(B) \cap P(C)$

গ. প্রমাণ কর যে,  $A \times (B \cup C) = (A \times B) \cup (A \times C)$

সমাধান :

ক. দেওয়া আছে,  $A = \{ x : x \in \mathbf{R} \text{ এবং } x^2 - (a + b)x + ab = 0 \}$

এখন,  $x^2 - (a + b)x + ab = 0$

বা,  $x^2 - ax - bx + ab = 0$

বা,  $x(x - a) - b(x - a) = 0$

বা,  $(x - a)(x - b) = 0$

∴  $x = a$  অথবা  $x = b$

∴ A সেটের উপাদানসমূহ হলো a, b

খ. দেওয়া আছে,  $B = \{ 1, 2 \}$  এবং  $C = \{ 2, 4, 5 \}$

∴  $B \cap C = \{ 1, 2 \} \cap \{ 2, 4, 5 \} = \{ 2 \}$

∴  $P(B \cap C) = \{ \{ 2 \}, \Phi \}$

আবার,  $B = \{ 1, 2 \}$

∴  $P(B) = \{ \{ 1, 2 \}, \{ 1 \}, \{ 2 \}, \Phi \}$

এবং  $C = \{ 2, 4, 5 \}$

∴  $P(C) = \{ \{ 2, 4, 5 \}, \{ 2, 4 \}, \{ 4, 5 \}, \{ 2, 5 \}, \{ 2 \}, \{ 4 \}, \{ 5 \}, \Phi \}$

∴  $P(B) \cap P(C) = \{ \{ 2 \}, \Phi \}$

সুতরাং  $P(B \cap C) = P(B) \cap P(C)$  (দেখানো হলো)

(গ) এখানে,  $(B \cup C) = \{ 1, 2 \} \cup \{ 2, 4, 5 \} = \{ 1, 2, 4, 5 \}$

∴ বামপক্ষ =  $A \times (B \cup C) = \{ a, b \} \times \{ 1, 2, 4, 5 \}$   
=  $\{ (a, 1), (a, 2), (a, 4), (a, 5),$

$(b, 1), (b, 2), (b, 4), (b, 5) \}$

আবার,  $(A \times B) = \{ a, b \} \times \{ 1, 2 \}$

=  $\{ (a, 1), (a, 2), (b, 1), (b, 2) \}$

এবং  $A \times C = \{ a, b \} \times \{ 2, 4, 5 \}$

=  $\{ (a, 2), (a, 4), (a, 5), (b, 2), (b, 4), (b, 5) \}$

∴ ডানপক্ষ =  $(A \times B) \cup (A \times C)$

=  $\{ (a, 1), (a, 2), (a, 4), (a, 5), (b, 1), (b, 2), (b, 4), (b, 5) \}$

∴ বামপক্ষ = ডানপক্ষ

অর্থাৎ  $A \times (B \cup C) = (A \times B) \cup (A \times C)$  (প্রমাণিত)

প্রশ্ন ১২৭ ৥ একটি শ্রেণির 100 জন ছাত্রের মধ্যে 42 জন ফুটবল, 46 জন ক্রিকেট এবং 39 জন হকি খেলে। এদের মধ্যে 13 জন ফুটবল ও ক্রিকেট, 14 জন ক্রিকেট ও হকি এবং 12 জন ফুটবল ও হকি খেলতে পারে। এছাড়া 7 জন কোনো খেলায় পারদর্শী নয়-


ক. উল্লিখিত তিনটি খেলায় পারদর্শী এমন ছাত্রদের সেট এবং কোনো খেলায় পারদর্শী নয় এমন ছাত্রদের সেট ভেনচিত্রে দেখাও।

খ. কতজন ছাত্র উল্লিখিত তিনটি খেলায় পারদর্শী তা নির্ণয় কর।

গ. কতজন ছাত্র কেবলমাত্র একটি খেলায় পারদর্শী এবং কতজন অন্তত দুইটি খেলায় পারদর্শী?

সমাধান :

ক. মনে করি, ঐ শ্রেণির ছাত্রদের সেট U, এবং ছাত্রদের মধ্যে যারা ফুটবল খেলতে পারদর্শী তাদের সেট F, যারা ক্রিকেট খেলতে পারদর্শী তাদের সেট C ও যারা হকি খেলতে পারদর্শী তাদের সেট H তাহলে প্রশ্নানুসারে,  $n(U) = 100$ ,  $n(F) = 42$ ,  $n(C) = 46$ ,  $n(H) = 39$ ,  $n(F \cap C) = 13$ ,  $n(C \cap H) = 14$ ,  $n(F \cap H) = 12$ ,  $n(F \cup C \cup H)' = 7$



ভেনচিত্র

খ. তিনটি খেলায় পারদর্শী এমন ছাত্রদের সেট  $(F \cap C \cap H)$

আমরা জানি,  $n(F \cup C \cup H)' = n(U) - n(F \cup C \cup H)$

বা,  $n(F \cup C \cup H) = n(U) - n(F \cup C \cup H)'$

$$= 100 - 7 = 93$$

এখন,  $n(F \cup C \cup H) = n(F) + n(C) + n(H) - n(F \cap C) - n(C \cap H) - n(H \cap F) + n(F \cap C \cap H)$

বা,  $93 = 42 + 46 + 39 - 13 - 14 - 12 + n(F \cap C \cap H)$

বা,  $93 = 127 - 39 + n(F \cap C \cap H)$

$$\therefore n(F \cap C \cap H) = 5$$

$\therefore$  তিনটি খেলায় পারদর্শী ছাত্রদের সংখ্যা 5 জন। (Ans.)

গ. অন্তত দুটি খেলায় পারদর্শী এমন ছাত্রদের সেট

$= (F \cap C) \cup (C \cap H) \cup (F \cap H)$  [ভেনচিত্রে হতে]

এবং অন্তত একটি খেলায় পারদর্শী এমন ছাত্রদের সেট  $= F \cup C \cup H$ .

$\therefore$  অন্তত দুইটি খেলায় পারদর্শী এমন ছাত্রদের সংখ্যা

$$= n[(F \cap C) \cup (C \cap H) \cup (F \cap H)]$$

$$= n(F \cap C) + n(C \cap H) + n(F \cap H) - n[(F \cap C) \cap (C \cap H)] - n[(C \cap H) \cap (F \cap H)] - n[(F \cap H) \cap (F \cap C)] + n[(F \cap C) \cap (C \cap H) \cap (F \cap H)]$$

$$= 13 + 14 + 12 - 5 - 5 - 5 + 5 = 29 \text{ (Ans.)}$$

আবার, অন্তত একটি খেলায় পারদর্শী এমন ছাত্রদের সেট

$$= n(F \cup C \cup H)$$

$$= n(F) + n(C) + n(H) - n(F \cap C) - n(C \cap H) - n(H \cap F) + n(F \cap C \cap H)$$

$$= 42 + 46 + 39 - 13 - 14 - 12 + 5 = 93$$

$\therefore$  কেবলমাত্র একটি খেলায় পারদর্শী এমন ছাত্রদের সংখ্যা

$$= n(F \cup C \cup H) - n[(F \cap C) \cup (C \cap H) \cup (F \cap H)]$$

# SOLVED BOARD QUESTION

2015-2022

## রাজশাহী বোর্ড ২০২২

(i)  $(A - Bx)^n$  একটি দ্বিপদী রাশি।

(ii)  $y = \ln \frac{7+x}{x}$  একটি ফাংশন।

ক. যদি  $(25)^{2x} = 5^{x+1}$  হয়, তবে  $x$  এর মান নির্ণয় কর। ২

খ.  $A = 2$  এবং  $B = -1$  হলে, (i)নং রাশিটির পঞ্চম ও ষষ্ঠ পদের সহগ সমান হয়, তবে  $n$  এর মান নির্ণয় কর। 8

গ. (ii)নং ফাংশনটির ডোমেন ও রেঞ্জ নির্ণয় কর। 8

## কুমিল্লা বোর্ড ২০২২

$p = 1 + \log_x(yz)$ ,  $q = 1 + \log_y(zx)$ ,  $r = 1 + \log_z(xy)$  এবং  $\frac{5-x}{5+x}$  একটি ফাংশন।

$5 + yx$

ক. ফাংশনটির ডোমেন নির্ণয় কর। ২

খ. ফাংশনটির বিপরীত ফাংশন নির্ণয় কর। 8

গ. দেখাও যে,  $\frac{1}{1+x} + \frac{1}{1+y} + \frac{1}{1+z} = 1$ । 8

## ১. যশোর বোর্ড ২০২১

$f: \mathbb{R} \rightarrow \mathbb{R}, f(x) = \frac{2x-5}{2x+3}$

ক.  $f$  এর ডোমেন নির্ণয় কর। ২

খ.  $f$  এক-এক ফাংশন কি-না নির্ধারণ কর। 8

গ.  $f$  একটি অনটু ফাংশন কি-না নির্ধারণ কর। 8

⇨ ১নং প্রশ্নের সমাধান ⇨

ক. দেওয়া আছে,  $f: \mathbb{R} \rightarrow \mathbb{R}$

$$f(x) = \frac{2x-5}{2x+3}$$

$x$  এর যে সকল বাস্তব মানের জন্য  $f(x)$  এর বাস্তব মান পাওয়া যায়, সেগুলোই  $f(x)$  এর ডোমেন।

$f(x) = \frac{2x-5}{2x+3} \in \mathbb{R}$  হবে যদি এবং কেবল যদি

$$2x + 3 \neq 0 \text{ হয়}$$

বা,  $2x = -3$

বা,  $x \neq -\frac{3}{2}$  হয়

$$\therefore f \text{ এর ডোমেন} = \mathbb{R} - \left\{-\frac{3}{2}\right\}.$$

খ. দেওয়া আছে,

$$f: \mathbb{R} \rightarrow \mathbb{R}, f(x) = \frac{2x-5}{2x+3}$$

ধরি,  $a, b \in \text{ডোম } f(x)$

$$\therefore f(a) = \frac{2a-5}{2a+3}$$

$$\text{এবং } f(b) = \frac{2b-5}{2b+3}$$

$f(x)$  এক-এক ফাংশন হবে যদি ও কেবল যদি  $a, b \in \text{ডোম } f$  এর জন্য  $f(a) = f(b)$  হলে,  $a = b$  হয়।

এখন,  $f(a) = f(b)$

$$\text{বা, } \frac{2a-5}{2a+3} = \frac{2b-5}{2b+3}$$

$$\text{বা, } 4ab + 6a - 10b - 15 = 4ab - 10a + 6b - 15$$

$$\text{বা, } 6a - 10b = -10a + 6b$$

$$\text{বা, } 6a + 10a = 10b + 6b$$

$$\text{বা, } 16a = 16b$$

$$\therefore a = b$$

$\therefore f$  একটি এক-এক ফাংশন।

গ. দেওয়া আছে,  $f: \mathbb{R} \rightarrow \mathbb{R}$ ,  $f(x) = \frac{2x-5}{2x+3}$

$$\text{ধরি, } y = f(x) = \frac{2x-5}{2x+3}$$

$$\text{অর্থাৎ, } y = \frac{2x-5}{2x+3}$$

$$\text{বা, } 2x - 5 = 2xy + 3y$$

$$\text{বা, } 2x - 2xy = 3y + 5$$

$$\text{বা, } x(2 - 2y) = 3y + 5$$

$$\therefore x = \frac{3y+5}{2-2y}$$

এখন,  $x = \frac{3y+5}{2-2y} \in \mathbb{R}$  হবে যদি ও কেবল যদি  $2 - 2y \neq 0$

$$\text{বা, } 2y \neq 2 \text{ বা, } y \neq 1 \text{ হয়}$$

$\therefore f(x)$  এর রেঞ্জ =  $\mathbb{R} - \{1\} \neq \text{কোডোমেন}$

$\therefore f$  ফাংশনটি অনটু ফাংশন নয়।

## 📖 ২. কুমিল্লা বোর্ড ২০২১

$$f(x) = \frac{3x-5}{4x-3}$$

ক.  $f(x) = x$  হলে সমীকরণটির নিশ্চায়ক নির্ণয় কর। ২

খ. ফাংশনটি এক-এক কি-না তা নির্ধারণ কর। ৪

গ.  $f^{-1}(x) = xf^{-1}(1)$  হলে,  $x$  এর মান নির্ণয় কর। ৪

⇨ ২নং প্রশ্নের সমাধান ⇩

ক. দেওয়া আছে,

$$f(x) = \frac{3x-5}{4x-3}$$

এখন,  $f(x) = x$  হলে,

$$\frac{3x-5}{4x-3} = x$$

$$\text{বা, } 4x^2 - 3x = 3x - 5$$

$$\text{বা, } 4x^2 - 3x - 3x + 5 = 0$$

বা,  $4x^2 - 6x + 5 = 0$  যা একটি  $ax^2 + bx + c = 0$  আকারের দ্বিঘাত সমীকরণ।

$$\text{সমীকরণটির নিশ্চায়ক} = b^2 - 4ac$$

$$= (-6)^2 - 4.4.5$$

$$= 36 - 80 = -44$$

নির্ণেয় সমীকরণটির নিশ্চায়ক  $-44$ .

**খ.** দেওয়া আছে,

$$f(x) = \frac{3x-5}{4x-3}$$

এখানে,  $f(x) = \frac{3x-5}{4x-3} \in \mathbb{R}$  হবে যদি ও কেবল যদি  $4x - 3 \neq 0$  বা,  $4x \neq 3$  বা,  $x \neq \frac{3}{4}$  হয়।

$\therefore$  ডোম,  $f(x) = R - \left\{\frac{3}{4}\right\}$

ধরি,  $a, b \in$  ডোম  $f(x)$

$$\text{এখন, } f(a) = \frac{3a-5}{4a-3}$$

$$\text{এবং } f(b) = \frac{3b-5}{4b-3}$$

$f(x)$  এক-এক ফাংশন হবে যদি ও কেবল যদি  $a, b \in$  ডোম  $f(x)$  এর জন্য  $f(a) = f(b)$  হলে,  $a = b$  হয়।

$$f(a) = f(b) \text{ হলে, } \frac{3a-5}{4a-3} = \frac{3b-5}{4b-3}$$

$$\text{বা, } 12ab - 9a - 20b + 15 = 12ab - 20a - 9b + 15$$

$$\text{বা, } -9a + 20a = -9b + 20b$$

$$\text{বা, } 11a = 11b$$

$$\therefore a = b$$

$\therefore f(x)$  একটি এক-এক ফাংশন।

**গ.** দেওয়া আছে,  $f(x) = \frac{3x-5}{4x-3}$

$$\text{ধরি, } y = f(x) = \frac{3x-5}{4x-3}$$

$$\text{তাহলে, } f(x) = y$$

$$\text{বা, } f^{-1}\{f(x)\} = f^{-1}(y)$$

$$\text{বা, } x = f^{-1}(y)$$

$$\text{আবার, } y = \frac{3x-5}{4x-3}$$

$$\text{বা, } 4xy - 3y = 3x - 5$$

$$\text{বা, } 4xy - 3x = 3y - 5$$

$$\text{বা, } x(4y - 3) = 3y - 5$$

$$\text{বা, } x = \frac{3y-5}{4y-3}$$

$$\text{বা, } f^{-1}(y) = \frac{3y-5}{4y-3} \quad [x = f^{-1}(y)]$$

$$\therefore f^{-1}(x) = \frac{3x-5}{4x-3}$$

$$\therefore f^{-1}(1) = \frac{3 \cdot 1 - 5}{4 \cdot 1 - 3} = \frac{-2}{1} = -2$$

এখন,  $f^{-1}(x) = xf^{-1}(1)$  হলে,

$$\frac{3x-5}{4x-3} = x \cdot (-2)$$

$$\text{বা, } \frac{3x-5}{4x-3} = -2x$$

$$\text{বা, } 3x - 5 = -8x^2 + 6x$$

$$\text{বা, } 8x^2 - 6x + 3x - 5 = 0$$

$$\text{বা, } 8x^2 - 3x - 5 = 0$$

$$\text{বা, } 8x^2 - 8x + 5x - 5 = 0$$

$$\text{বা, } 8x(x-1) + 5(x-1) = 0$$

$$\text{বা, } (x-1)(8x+5) = 0$$

হয়,

$$x - 1 = 0$$

অথবা,

$$8x + 5 = 0$$

$$\therefore x = 1$$

$$\text{বা, } 8x = -5$$

$$\therefore x = -\frac{5}{8}$$

### 📖 ৩. সিলেট বোর্ড ২০২০

$f(x) = \frac{2x+3}{x-4}$  একটি ফাংশন, যেখানে  $x \neq 2$

ক.  $f(-2)$  এর মান নির্ণয় কর। ২

খ.  $f(x)$  ফাংশনটি এক-এক কি-না তা নির্ধারণ কর। ৪

গ.  $f^{-1}(x) = 3x$  হলে,  $x$  সম্ভাব্য মান নির্ণয় কর। ৪

### ⇨ তনু প্রশ্নের সমাধান ⇩

ক. দেওয়া আছে,  $f(x) = \frac{2x+3}{x-4}$ , যেখানে  $x \neq 2$

$$\therefore f(-2) = \frac{2(-2)+3}{-2-2} = \frac{-4+3}{-4} = \frac{-1}{-4} = \frac{1}{4}$$

নির্ণয় মান:  $\frac{1}{4}$

খ. দেওয়া আছে,  $f(x) = \frac{2x+3}{x-4}$ , যেখানে  $x \neq 2$

$$\therefore \text{ডোম, } f(x) = R - \{2\}$$

ধরি,  $a, b \in \text{ডোম } f(x)$

$$\therefore f(a) = \frac{2a+3}{a-2}$$

$$\text{এবং, } f(b) = \frac{2b+3}{b-2}$$

$f(x)$  এক-এক ফাংশন হবে যদি ও কেবল যদি  $a, b \in \text{ডোম } f(x)$  এর জন্য  $f(a) = f(b)$  হলে,  $a = b$  হয়।

এখন,  $f(a) = f(b)$  হলে,

$$\frac{2a+3}{a-2} = \frac{2b+3}{b-2}$$

$$\text{বা, } (2a+3)(b-2) = (2b+3)(a-2)$$

$$\text{বা, } 2ab - 4a + 3b - 6 = 2ab - 4b + 3a - 6$$

$$\text{বা, } -4a + 3b = -4b + 3a$$

$$\text{বা, } -4a - 3a = -4b - 3b$$

$$\text{বা, } -7a = -7b$$

$$\therefore a = b$$

$f(x)$  একটি এক-এক ফাংশন।

গ. দেওয়া আছে,  $f(x) = \frac{2x+3}{x-2}$ , যেখানে  $x \neq 2$

$$\text{ধরি, } y = f(x) = \frac{2x+3}{x-2}$$

$$\text{এখন, } f(x) = y$$

$$\text{বা, } f^{-1}\{f(x)\} = f^{-1}(y)$$

$$\text{বা, } x = f^{-1}(y)$$

$$\text{আবার, } y = \frac{2x+3}{x-2},$$

$$\text{বা, } xy - 2y = 2x + 3$$

$$\text{বা, } xy - 2x = 2y + 3$$

$$\text{বা, } x(y-2) = 2y + 3$$

$$\text{বা, } x = \frac{2y+3}{y-2}$$

$$\text{বা, } f^{-1}(y) = \frac{2y+3}{y-2} [\because x = f^{-1}(y)]$$

$$\therefore f^{-1}(x) = \frac{2x+3}{x-2}$$

প্রশ্নানুসারে,  $f^{-1}(x) = 3x$

$$\text{বা, } \frac{2x+3}{x-2} = 3x$$

$$\text{বা, } 3x^2 - 6x = 2x + 3$$

$$\text{বা, } 3x^2 - 6x - 2x - 3 = 0$$

$$\text{বা, } 3x^2 - 8x - 3 = 0$$

$$\text{বা, } x = \frac{-(-8) \pm \sqrt{(-8)^2 - 4 \cdot 3 \cdot (-3)}}{2 \cdot 3} = \frac{8 \pm \sqrt{100}}{6} = \frac{8 \pm 10}{6}$$

$$\therefore x = \frac{8+10}{6}, \frac{8-10}{6}$$

নির্ণেয়  $x$  এর সম্ভাব্য মান:  $3, \frac{-2}{6}$

### 📖 ৪. দিনাজপুর বোর্ড ২০২০

$f(y) = \sqrt{8-3y}$  একটি ফাংশন এবং  $s = \{(x,y): x^2 + y^2 - 36 = 0 \text{ and } y \geq 0\}$  একটি অন্য়।

ক.  $g(x) = \frac{1}{\sqrt{1-2x}}$  এর ডোমেন নির্ণয় কর। ২

খ.  $f^{-1}$  ফাংশনটি এক-এক কি-না তা নির্ধারণ কর। ৪

গ.  $s$  অন্য়টির লেখচিত্র অঙ্কন কর এবং অন্য়টির ফাংশন কিনা তা লেখচিত্র হতে নির্ধারণ কর।

⇒ ৪নং প্রশ্নের সমাধান ⇐

ক. দেওয়া আছে,  $g(x) = \frac{1}{\sqrt{1-2x}}$

$g(x) = \frac{1}{\sqrt{1-2x}} \in \mathbb{R}$  হবে যদি ও কেবল যদি  $\sqrt{1-2x} > 0$

$$\text{বা, } 1 - 2x > 0$$

$$\text{বা, } 1 > 2x$$

$$\text{বা, } 2x < 1$$

$$\therefore x < \frac{1}{2}$$

$$\therefore \text{ডোমেন } g(x) = \left\{x: x \in \mathbb{R} \text{ and } x < \frac{1}{2}\right\} = \left(-\infty, \frac{1}{2}\right)$$

খ. দেওয়া আছে,  $f(y) = \sqrt{8-3y}$

এখানে,  $f(y) = \sqrt{8-3y} \in \mathbb{R}$  হবে যদি ও কেবল যদি

$$8 - 3y \geq 0$$

$$\text{বা, } -3y \geq -8$$

$$\text{বা, } 3y \leq 8$$

$$\text{বা, } y \leq \frac{8}{3} \text{ হয়}$$

$$\therefore \text{ডোম } f(y) = \left(-\infty, \frac{8}{3}\right)$$

ডোমেনের অন্তর্গত সকল মানের জন্য  $f(y) = \sqrt{8-3y}$  এর মান অঋণাত্মক হয়।

$$\therefore f(y) \text{ এর রেঞ্জ} = [0, \infty]$$

$$\text{ধরি, } x = f(y) = \sqrt{8-3y}$$

$$\text{এখন, } f(y) = x$$

$$\text{বা, } f^{-1}\{f(y)\} = f^{-1}(x)$$

$$\text{বা, } y = f^{-1}(x)$$

$$\text{আবার, } x = \sqrt{8-3y}$$

$$\text{বা, } x^2 = 8 - 3y$$

$$\text{বা, } 3y = 8 - x^2$$

$$\text{বা, } y = \frac{8-x^2}{3}$$

$$\text{বা, } f^{-1}(x) = \frac{8-x^2}{3} [\because y = f^{-1}(x)]$$

$$\text{বা, } f^{-1}(y) = \frac{8-y^2}{3}$$

$f^{-1}(y)$  এর ডোমেন =  $f(y)$  এর রেঞ্জ =  $[0, \infty]$

ধরি,  $a, b \in$  ডোম  $f^{-1}(y)$

$$\therefore f^{-1}(a) = \frac{8-a^2}{3} \text{ এবং } f^{-1}(b) = \frac{8-b^2}{3}$$

$f^{-1}(y)$  এক-এক ফাংশন হবে যদি ও কেবল যদি  $a, b \in$  ডোম  $f^{-1}(y)$  এর জন্য  $f^{-1}(a) = f^{-1}(b)$  হলে,  $a = b$  হয়।

এখন,  $f^{-1}(a) = f^{-1}(b)$  হলে,

$$\frac{8-a^2}{3} = \frac{8-b^2}{3}$$

$$\text{বা, } 8 - a^2 = 8 - b^2$$

$$\text{বা, } -a^2 = -b^2$$

$$\text{বা, } a^2 = b^2$$

$$\text{বা, } a = b$$

$f^{-1}(y)$  একটি এক-এক ফাংশন

গ. দেওয়া আছে,

$$S = \{(x, y): x^2 + y^2 - 36 = 0 \text{ and } y \geq 0\}$$

$S$  এর বর্ণনাকারী সমীকরণ,


$$x^2 + y^2 - 36 = 0$$

$$\text{বা, } x^2 + y^2 = 36$$

$$\text{বা, } (x - 0)^2 + (y - 0)^2 = 6^2$$

যেহেতু  $y \geq 0$

সেহেতু সমীকরণটির একটি অর্ধবৃত্তের সমীকরণ যার কেন্দ্রের স্থানাঙ্ক  $(0, 0)$  এবং ব্যাসার্ধ একক 6 ছক কাগজের উভয় অক্ষ বরাবর ক্ষুদ্রতম প্রতি বর্গের বাহুর দৈর্ঘ্য = 1 একক ধরে অর্ধবৃত্তের কেন্দ্র  $O(0, 0)$  চিহ্নিত করি এবং  $O$  কে কেন্দ্র করে 6 একক ব্যাসার্ধ নিয়ে  $y \geq 0$  ব্যবধিতে একটি অর্ধবৃত্ত অঙ্কন করি যা  $x$  - অক্ষের উপরের দিকে অবস্থিত। এটিই প্রদত্ত  $S$  অন্সয়ের লেখচিত্র।



